**রেজিস্টার্ড নং ডি এ-১**

**“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুন ৬, ২০২২**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৯ মোতাবেক ০৬ জুন, ২০২২

নিম্নলিখিত বিলটি ২৩ জ্যৈষ্ঠ, ১৪২৯ মোতাবেক ০৬ জুন, ২০২২ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৩/২০২২

## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ (২০১৭ সনের ২৩ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১৭ সনের ২৩ নং আইনের ধারা ৯ এর সংশোধন**।—বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ (২০১৭ সনের ২৩ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৯ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “সচিব” শব্দটির পরিবর্তে “কার্য নির্বাহক (প্রশাসন)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১৭ সনের ২৩ নং আইনের ধারা ১১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১১ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

> “**১১। কার্য নির্বাহক (অর্থ) ও কার্য নির্বাহক (প্রশাসন)**।—সরকার, কমিশনকে সহায়তা প্রদানের জন্য, একজন সার্বক্ষণিক কার্য নির্বাহক (অর্থ) ও একজন কার্য নির্বাহক (প্রশাসন) নিয়োগ করিবে।”।



**মূল্য :** টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বাংলাদেশে পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার, উন্নয়ন, প্রসার ও তৎসংশ্লিষ্ট আন্তর্জাতিক বাধ্যবাধকতা প্রতিপালন, গবেষণাকর্ম, সেবা এবং শিক্ষা বিষয়ক কার্যক্রম পরিচালনা, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সংক্রান্ত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট বিষয়াদি সম্পাদনের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ প্রণয়ন করা হয়। মন্ত্রণালয়/বিভাগের সংযুক্ত দপ্তর/অধঃস্তন অফিসসমূহের সাংগঠনিক কাঠামোতে সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদনাম থাকলে উক্ত পদনাম পরিবর্তন করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ২৩ অক্টোবর ২০১৯ তারিখ নির্দেশনা প্রদান করে। এ পদনামগুলো সচিবালয়ের বাইরে বিধি বহির্ভূতভাবে ব্যবহার করা হয়। তাই সরকারের সিদ্ধান্ত মোতাবেক পদনামগুলো পরিবর্তন করতে হবে।

০২। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাংগঠনিক কাঠামোতে 'অর্থ উপদেষ্টা' ও 'সচিব' পদনাম রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এ পদগুলিতে উপসচিব পর্যায়ের কর্মকর্তা নিয়োগ প্রদান করে। এখন মন্ত্রিপরিষদ বিভাগে উক্ত নির্দেশনা অনুযায়ী কমিশনের 'সচিব' পদনাম সংশোধন করা প্রয়োজন। সেই সাথে কমিশনের 'অর্থ উপদেষ্টা' পদনাম পরিবর্তনের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে উদ্যোগ নেয়া হয়। গত ০৬ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে প্রস্তাবিত খসড়া আইন নীতিগত এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষ চূড়ান্তভাবে অনুমোদন করা হয়। উল্লেখ্য, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২-এর খসড়া আইনটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করা হয়। **বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২** শীর্ষক বিলে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন জড়িত না থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানে ৮২ অনুচ্ছেদ অনুযায়ী বিলটি মহান জাতীয় সংসদে উপস্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সুপারিশ গ্রহণ করার প্রয়োজনীয়তা নেই।

০৩। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের অর্থ উপদেষ্টা ও সচিব পদনাম সংশোধন করতে হলে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আইন, ২০১৭ সংশোধন করতে হবে। এ লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২ এর খসড়া প্রস্তুত করা হয়েছে। সার্বিক বিবেচনায় আইনটি সংশোধন করা আবশ্যক।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত **বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (সংশোধন) আইন, ২০২২** শীর্ষক খসড়া বিলটি প্রণয়ন করা সমীচীন।

**স্থপতি ইয়াফেস ওসমান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd